দৈনিক ইত্তেফাক

08 SEP 1989
তারিখ ... 08 SEP 1989
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

155

### শহরের শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা

# কুমিল্লায় ছাত্রদল-শিবির সংঘর্ষে ১ জন ছাত্র নিহত

কুমিল্লা সংবাদদাতার টেলিফোন : গতকাল (বৃহস্পতিবার) ছাত্র-দল ও ছাত্র শিবিরের মধ্যে এক সংঘর্ষে ছাত্র দলের কর্মী গোলাম রব্বানী (লিটন) (১৯) নিহত হয়। লিটন স্থানীয় অজিত গুহ কলেজের দ্বিতীয় বর্ষের ছাত্র।

ছাত্রদলের কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসাবে শহরে ছাত্র দলের এক মিছিল শহর প্রদক্ষিণ করার সময় কুমিল্লা হাই স্কুলের নিকট সংঘর্ষ বাধিলে ছাত্রদলের ১০ জন কর্মী আহত হয়। গুরুতর আহত দুইজনকে হাসপাতালে নেওয়া হইলে লিটন মারা যায়। ময়না তদন্তের রিপোর্টে জানা যায়, ধারাল অস্ত্রের আঘাতে তাহার মৃত্যু (১১শ পৃঃ দ্রঃ)

## ১ জন ছাত্র নিহত

(১ম পৃঃ পর)

ঘটে।

শহরে এই উত্তেজনাকর পরিস্থিতিতে জেলা প্রশাসক শহরের সমুদয় কলেজ অনির্দিষ্ট কালের জন্য বন্ধ ঘোষণা করিয়াছেন এবং ছাত্র-ছাত্রীদের অবিলম্বে হোষ্টেল ত্যাগের নির্দেশ দেওয়া হইয়াছে। শহরে পুলিশ টহল চলিতেছে। সন্ধ্যায় টাউন হলে নিহত ছাত্রের জানাজা অনুষ্ঠিত হয়।

এদিকে, এই ঘটনার পরিপ্রেক্ষিতে ৭, ৮ ও ৫-দলীয় জোট, মুক্তিযোদ্ধা সংসদ এবং ২২ দলীয় ছাত্র সংগঠন ইহার বিচার বিভাগীয় তদন্ত ও দোষীদের শাস্তি দাবী করে।

২২ দলীয় ছাত্র সংগঠন আজ (শুক্রবার) হইতে সপ্তাহব্যাপী শোক পালনের কথা ঘোষণা করিয়াছে এবং আগামীকাল (শনিবার) অর্ধদিবস হরতাল আহ্বান করিয়াছে।